কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
BANGLADESH AGRICULTURAL RESEARCH INSTITUTE
GAZIPUR-1701

Office Ph: 88-02-49270003
PABX: 49270041-8 Ex-5304
Fax: 88-02-9262954
E-mail: dir.tnc@bari.gov.bd
Web: www.bari.gov.bd

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০১৩.২৫.০০০৬.২০. ৪৬৫ তারিখ: ১৫/০৩/২৬

**বিষয়: বিএআরআই-এর বিজ্ঞানী/কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য এবং বিএআরসি কর্তৃক আয়োজিত ২০২৬–২০২৭ অর্থবছরের ০৩ (তিন) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণে মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-১২.২০.০০০০.০০০.০১৩.২৫.০০৩.২৪.২৬; তারিখ: ১১/০৩/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কর্তৃক আগামী ২০২৬–২০২৭ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠানের বিজ্ঞানী/কর্মকর্তাদের পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৩ (তিন) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য যে, বিএআরসি'র প্রেরিত পত্রে একটি নির্ধারিত ছকের মাধ্যমে বিএআরআই-এর বিজ্ঞানী/কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে এবং একই সাথে ২০২৬–২০২৭ অর্থবছরের ০৩ (তিন) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রেরণ করতে বলা হয়েছে।

এমতাবস্থায়, বিএআরসি কর্তৃক প্রেরিত নির্ধারিত ছক অনুযায়ী বুনিয়াদি প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য এবং ২০২৬–২০২৭ অর্থবছরের ০৩ (তিন) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণের জন্য উপযুক্ত বিজ্ঞানী/কর্মকর্তাদের মনোনয়ন আগামী ৩০/০৩/২০২৬ তারিখের মধ্যে পরিচালক, (প্রশিক্ষণ ও যোগাযোগ), বিএআরআই, গাজীপুর বরাবর জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মনোনয়নের ক্ষেত্রে যোগ্য ও আগ্রহী প্রার্থীকে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে, সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক মনোনীত প্রার্থীই চূড়ান্তভাবে মনোনীত হিসেবে বিবেচিত হবেন।

এ সংক্রান্ত যে কোন প্রয়োজনে জনাব ফেরদৌস আহমেদ নাসিম, বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুরের সাথে (মোবাইল: ০১৭১৪৯২০২২৩, ই-মেইল: kbdnasim.bsmrau@gmail.com) যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: বিএআরসি প্রদত্ত ছকসহ মূল ডাক।

15.03.26
(ড. রেশমা সুলতানা)
পরিচালক

বিতরণ:
সকল অফিস প্রধান, বিএআরআই।

অনুলিপি:
১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি পরিসংখ্যান এবং আইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর (পত্র সংরক্ষণ ও ওয়েবসাইটে প্রচারের জন্য);
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বিএআরআই, গাজীপুর এবং
৩। অফিস কপি।

পরিচালক (প্রঃ ও যোঃ)

নং-৭৭

11 MAR 2026

মহাপরিচালক

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৩.২৫.০০০৩.২৪.২৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **আগামী ২০২৬-২৭ অর্থবছরে ০৩টি ব্যাচে বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিজ্ঞানী ও কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি এর উদ্যোগে এনএআরএসভুক্ত বিজ্ঞানী ও কর্মকর্তাদের পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চার মাস মেয়াদি (১২০ দিন) বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। পূর্বে বিভিন্ন কারণে এটি নিয়মিতভাবে আয়োজন করা সম্ভব হয়নি।

কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সকল কর্মকর্তাকে বুনিয়াদি প্রশিক্ষণের আওতায় আনার লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরের ধারাবাহিকতায় আগামী ২০২৬-২৭ অর্থবছরে ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য ০৩টি ব্যাচ (প্রতিটি ব্যাচে ১২০ জন অংশগ্রহণকারী) বুনিয়াদি প্রশিক্ষণ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১৮/০১/২০২৬ তারিখে জারিকৃত **'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩'**-এর সংশোধিত প্রজ্ঞাপন অনুসরণ করা যেতে পারে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, ২০২৬-২৭ অর্থ বছরে ০৩টি ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠান থেকে এখনও বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি এমন বিজ্ঞানী ও কর্মকর্তাদের সংখ্যা বিবেচনায়, নিম্নবর্ণিত ছকে প্রস্তাবিত প্রশিক্ষণার্থীর সংখ্যাসহ মনোনয়ন তালিকা (নাম, পদবী, ঠিকানা, মোবাইল ও ই-মেইল উল্লেখপূর্বক) আগামী ১২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | কর্মরত বিজ্ঞানী ও কর্মকর্তার সংখ্যা (জন)<br><br>(৯ম হতে ৪র্থ গ্রেড পর্যন্ত) | বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করেননি এমন বিজ্ঞানী ও কর্মকর্তার সংখ্যা (জন) | মনোনীত প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন) | | |
|---|---|---|---|---|---|
| | | | এন-৩৪তম (১২০ জন)<br><br>(জুলাই-নভেম্বর,২০২৬) | এন-৩৫তম (১২০ জন)<br><br>(নভেম্বর/২০২৬-মার্চ/২০২৭) | এন-৩৬তম (১২০ জন)<br><br>(ফেব্রুয়ারি-জুন, ২০২৭) |
| ১. | | | | | |

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

সংযুক্তিঃ
(১) জনপ্রশাসন উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩ (সংশোধিত)

পরিচালক (প্র. ও যো.)-এর কার্যালয়, বিএআরআই, গাজীপুর
সিএসও (প্র. ও যো.)
পিএসও (প্র. ও যো.)
এসএসও, প্র./যো.
এসও, প্র./যো.
সিএসও (এএসআইসিটি)
সিনিয়র লাইব্রেরীয়ান
ফটোগ্রাফি অফিসার
পিএ
প্রাপ্তি নম্বরঃ ২২৬
তারিখঃ ১২/৩/২৬

নথিতে উপস্থাপন করুন
বিধি মোতাবেক ব্যবস্থা নিন
জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন
আলোচনা করুন
নথিজাত করুন
অন্যান্য

12.03.26
পরিচালক (প্র. ও যো.)

১১-০৩-২০২৬
ড. মোঃ আবদুছ ছালাম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
ফোন : +৮৮০২-৪১০২৫২৫২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।

২। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

৩। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট।

৪। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।

৫। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)।

৬। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর।

৭। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট।

৮। নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।

৯। মহাপরিচালক (সা. দা.), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।

১০। মহাপরিচালক (সা.দা.), মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।

১১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালকের দপ্তর, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট।

১২। পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।।

১৩। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ), পরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং

১৪। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০০০.০১৩.২৫.০০০৩.২৪.২৬/১ (৩)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ চা বোর্ড (বিটিআরআই থেকে প্রশিক্ষণার্থী মনোনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ের অনুরোধসহ)।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয় এবং

৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১-০৩-২০২৬
ড. মোঃ আবদুছ ছালাম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ ও গবেষণা ইউনিট
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.০০০.২১১.০৬.০০০৭.২৫-০৫

তারিখ: ০৪ মাঘ ১৪৩২
১৮ জানুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ মন্ত্রণালয় কর্তৃক ০৯ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.২১১.০৬.০০২.২২.৬৬ নম্বর প্রজ্ঞাপনে জারিকৃত 'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩' (অতঃপর 'নীতিমালা' অভিহিত) নিম্নরূপ সংশোধন করা হলো:

i) নীতিমালার ৭.১ (ক) উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"সকল ক্যাডারের এবং নবনিয়োগপ্রাপ্ত নন ক্যাডার ও অন্যান্য কর্মচারীদের বুনিয়াদি প্রশিক্ষণ চাকরিতে প্রবেশের দুই বছরের মধ্যে সম্পন্ন করতে হবে। ক্যাডার বহির্ভূত এবং নন ক্যাডার থেকে ক্যাডার পদে অন্তর্ভুক্ত কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৫৫ বছর। স্ব স্ব নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত পেশা-সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স চাকরিতে প্রবেশের ০২ (দুই) বছরের মধ্যে সম্পন্ন করতে হবে।;"

ii) নীতিমালার ৭.২ উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা, মাস্টার্স, এম.ফিল., পি.এইচ.ডি অর্জনের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৪৭ বছর। কর্মকালীন উচ্চশিক্ষা গ্রহণের ক্ষেত্রে এ বয়সসীমা হবে ৫০ বছর এবং পোস্ট ডক্টরাল রিসার্চ, ফেলোশিপ ও মেন্টরশিপের ক্ষেত্রে ৫৪ বছর;"

iii) নীতিমালার ৮.১(খ) উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"সাধারণভাবে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ হবে ০৪ (চার) মাস এবং প্রশিক্ষণকালের একটি নির্দিষ্ট সময় স্থানীয় প্রশাসন ও গ্রামীণ জনগোষ্ঠীর সাথে সংযুক্ত থাকা-উক্ত প্রশিক্ষণের অন্তর্ভুক্ত হবে। তবে সরকার সময়ে সময়ে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ পুনঃনির্ধারণ করতে পারবে;"

iv) নীতিমালার ১৩.১ উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"সরকারি দপ্তরসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লক্ষ্য, উদ্দেশ্য ও কাজের সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত বিষয়সমূহের উপর উক্ত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মচারীর জন্য উপযুক্ত প্রতিষ্ঠানে প্রতি অর্থবছরে ন্যূনতম ৬০ (ষাট) ঘণ্টা প্রশিক্ষণের আয়োজন করবে। এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ম্যানুয়ালে উল্লিখিত মডিউল অনুসরণ করতে হবে। তবে সংশ্লিষ্ট দপ্তর তাদের বাস্তব চাহিদার নিরিখে প্রশিক্ষণ মডিউলে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন করতে পারবে।"

v) নীতিমালার ১৩.২ উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

**"১৩.২ দক্ষতা নবায়ন প্রশিক্ষণ**
(ক) সরকারি দপ্তরসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানে অথবা আওতাধীন প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মচারীর জন্য দেশের অভ্যন্তরে যে কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/উপযুক্ত প্রতিষ্ঠানে বছরে একবার 'দক্ষতা নবায়ন প্রশিক্ষণের' আয়োজন করবে। এই প্রশিক্ষণের মূল লক্ষ্য হবে নিয়মিত দাপ্তরিক কাজের সাথে সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা হালনাগাদকরণ এবং সরেজমিন পরিদর্শনের মাধ্যমে দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি; এবং"

vi) নীতিমালার ১৮.১(ক) উপানুচ্ছেদসমূহ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"(ক) উচ্চশিক্ষা সম্পন্ন করার লক্ষ্যে কোনো কর্মচারী পূর্ণবৃত্তিপ্রাপ্ত হলে বৃত্তিপ্রাপ্ত মেয়াদের জন্য প্রেষণ মঞ্জুর করা যাবে; আংশিক বৃত্তিপ্রাপ্ত হলেও প্রেষণ মঞ্জুর করা যাবে।"

vii) নীতিমালার ১৮.১ (ঝ) উপ-উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে সংযোজিত হবে:

"(ঝ) পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রেষণ মঞ্জুরের পর প্রেষণ গ্রহণকারী কর্মকর্তাকে প্রতি বছর সংশ্লিষ্ট গবেষণা তত্ত্বাবধায়কের নিকট হতে অগ্রগতি সংক্রান্ত প্রত্যয়ন গ্রহণ করে নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এটি বাধ্যতামূলক হবে এবং যে সকল কর্মকর্তা তা পাঠাতে ব্যর্থ হবেন, তাদের বেতন বন্ধ থাকবে।"

viii) পরিশিষ্ট-ক ছকে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (ক্যাডার-বহির্ভূত কর্মচারীদের জন্য) বয়সসীমা নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"৫৫ বছর"

ix) পরিশিষ্ট-খ ছকে 'পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা, মাস্টার্স, এম.ফিল.' এবং 'পিএইচডি' উভয় বিবরণের উচ্চশিক্ষার বয়সসীমা নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"৪৭ বছর"

২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮/১/২৬

(মোঃ এহ্ছানুল হক)

সিনিয়র সচিব

নং- ০৫.০০.০০০০.০০০.২১১.০৬.০০০৭.২৫- ০৫

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব,...মন্ত্রণালয়/বিভাগ (সকল)। [তাঁর আওতাধীন সকল মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা/ দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)]।
৪। মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি-এর কার্যালয়, ৪৩ কাকরাইল সড়ক, ঢাকা।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফর্মস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ)।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, হিসাব ভবন (নীচ তলা), ২নং গেইট সেগুনবাগিচা, ঢাকা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮/১/২৬

মো: আতিক এস. বি. সাত্তার

সিনিয়র সহকারী সচিব